**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**

**Date: 24-10-2025** **Desk in Charge : SDG**
**Time : 1.30 P.M.** **Compiling : NBR/ Subhankar.B**
**DEO : KB** **NR : NBR**

Announcement :- আকাশবাণী / খবর পড়ছিঃ-

*******************************************************************

## বিশেষ বিশেষ খবরঃ-

১/ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ ভিডিও কনফারেন্সের মাধ্যমে বিভিন্ন সরকারি দফতর ও সংস্থায় ৫১ হাজার চাকরি প্রার্থীর হাতে নিয়োগপত্র তুলে দিয়েছেন। # তিনি বলেছেন, উৎসবের মরশুমে নতুন এই চাকরি কর্মপ্রার্থীদের জীবনে নতুন আশার সঞ্চার করবে।

২/ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বিহারের সমস্তিপুর থেকে সেরাজ্যে বিধানসভা ভোটের জন্য নির্বাচনী প্রচারাভিযান শুরু করেছেন।

৩/ বিদেশ মন্ত্রী ডক্টর এস জয়শঙ্কর বলেছেন, বহুপাক্ষিক ব্যবস্থার প্রতি ভারত দায়বদ্ধ, এবং এবিষয়ে রাষ্ট্রসংঘের প্রতি সমর্থন বজায় রাখা প্রয়োজন।

৪/ অন্ধ্রপ্রদেশের কুর্নুলে একটি বেসরকারি বাসে আগুন লাগার ঘটনায় ১৯ জন যাত্রী ও এক বাইক আরোহীর মৃত্যু হয়েছে। #রাষ্ট্রপতি, উপরাষ্ট্রপতি এবংপ্রধানমন্ত্রী, এই দুর্ঘটনায় গভীর শোক প্রকাশ করেছেন।

৫/ আজ বিশ্ব পোলিও দিবস। দেশ থেকে পোলিও দূরীকরণে স্বাস্থ্যকর্মীদের নিষ্ঠার কথা উল্লেখ করেছেন স্বাস্থ্যমন্ত্রী জে পি নাড্ডা।

*******************************************************************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ ভিডিও কনফারেন্সের মাধ্যমে বিভিন্ন সরকারি দফতর ও সংস্থায় ৫১ হাজার চাকরি প্রার্থীর হাতে নিয়োগপত্র তুলে দিয়েছেন। রোজগার মেলার এই সপ্তদশ পর্ব উপলক্ষে এদিন ভার্চুয়ালি ভাষণ দেন প্রধানমন্ত্রী। তিনি জানান, এই রোজগার মেলার মাধ্যমে ১১ লক্ষেরও বেশি নিয়োগপত্র চাকরি প্রাপকদের হাতে তুলে দেওয়া হয়েছে। নতুন চাকরি প্রাপক ও তাদের পরিবারকে শুভেচ্ছা জানিয়েছেন প্রধানমন্ত্রী। তিনি বলেন, চাকরি প্রাপকদের সাফল্য আসলে দেশের সাফল্য। আজকের দিনে এই নিয়োগপত্রের মাধ্যমে শুধুমাত্র সরকারি চাকরী তারা পাচ্ছেননা, বরং দেশ সেবার এক অমূল্য সুযোগ তারা লাভ করেছেন। একই উদ্যমে তারা কাজ করবেন বলে আশা প্রকাশ করেন প্রধানমন্ত্রী। সততা এবং সচেতনতার মাধ্যমে নতুন কর্মপ্রার্থীরা দেশের ভবিষ্যৎ গঠনে নিজেদের ভূমিকা পালন করবেন। গত ১১ বছরে দেশ বিকশিত ভারত গঠনের সংকল্পে এগিয়ে চলেছে। এই লক্ষ্যে দেশের তরুণ প্রজন্ম বিরাট ভূমিকা নিয়েছে বলেও প্রধানমন্ত্রী জানান। তিনি বলেন, উৎসবের মরশুমে নতুন এই চাকরি কর্মপ্রার্থীদের জীবনে নতুন আশার সঞ্চার করবে।

( বাইট- মোদী )

প্রধানমন্ত্রী বলেন, যুবশক্তিকে সরকার দেশের প্রধান শক্তি হিসাবে বিবেচনা করেন। তাদের চিন্তাভাবনাই ভারতের বিদেশ নীতিকে যথার্থ রূপ দিয়েছে। তিনি বলেন, ভারতের কূটনৈতিক আলোচনা এবং আন্তর্জাতিক মৌ চুক্তির মধ্যেও যুব প্রশিক্ষণ, দক্ষতা উন্নয়ন এবং কর্মসংস্থানের দিকটিকে প্রাধান্য দেওয়া হয়েছে।

এর আগে 'বিকশিত ভারত যোজনার'ও সূচনা করেছেন প্রধানমন্ত্রী। যার লক্ষ্য দেশের প্রায় সাড়ে ৩ কোটি যুবক-যুবতীকে চাকরি দেওয়া।

*********************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বিহারের সমস্তিপুর থেকে সেরাজ্যের বিধানসভা ভোটের জন্য নির্বাচনী প্রচারাভিযান শুরু করেছেন। এক জনসভায় প্রধানমন্ত্রী ভারতরত্ন কর্পুরি

ঠাকুরের প্রতি শ্রদ্ধা নিবেদন করেন। শ্রী মোদী বলেন, বিহারবাসীর অপার উৎসাহ স্পষ্ট ইঙ্গিত দিচ্ছে, এবারও এনডিএ জোট সরকার গড়তে চলেছে।

বিহারে গত কয়েক বছরে উন্নয়নের খতিয়ান তুলে ধরে প্রধানমন্ত্রী বলেন, রাজ্যের এমন কোনো এলাকা নেই, যেখানে বিকাশের স্পর্শ পৌঁছয়নি।

( বাইট- মোদী বিহার )

এর আগে কর্পুরি ঠাকুরের বাসভবনে তিনি এই মহান জননায়কের আবক্ষ মূর্তিতে মালা দিয়ে শ্রদ্ধা জানান। কথা বলেন, তার পরিবারের সদস্যদের সঙ্গেও।

*********************

বিহারে প্রথম দফার নির্বাচনে প্রচারাভিযান ক্রমশ গতি পাচ্ছে। বিভিন্ন দলের তারকা প্রচারকরা ভোটারদের মন জয়ে উদ্যোগী হয়েছেন।

শীর্ষ বিজেপি নেতা, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ সমস্তিপুর এবং বেগুসরাইয়ে দুটি নির্বাচনী জনসভায় ভাষণ দেবেন। রাজ্যের মুখ্যমন্ত্রী নীতিশ কুমারও সেখানে উপস্থিত থাকবেন। বিরোধী মহাজোটের মুখ্যমন্ত্রী পদপ্রার্থী আর জে ডি নেতা তেজস্বী প্রসাদ যাদবও আজ থেকে তার প্রচারাভিযান শুরু করবেন। আজ তিনি বৈশালী, সহর্ষ, দ্বারভাঙা, মুজফ্ফরপুর এবং সমস্তিপুরে বেশ কয়েকটি নির্বাচনী প্রচারে অংশগ্রহণ করবেন।

*********************

বিহার বিধানসভা নির্বাচনে দ্বিতীয় তথা চূড়ান্ত দফার নির্বাচনে ২০ টি জেলার ১২২ টি কেন্দ্রে ১হাজার ৩০২ জন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতার আসরে রয়েছেন। গতকাল ছিল মনোনয়ন পত্র-প্রত্যাহারের শেষ দিন। গত দিনে ৭০ জন প্রার্থী তাদের মনোনয়ন প্রত্যাহার করে নেন।
উল্লেখ্য ১ হাজার ৭৬১টি মনোনয়নপত্র পেশ করা হয়েছিল।

যার মধ্যে ১হাজার৭৬১ টি মনোনয়নপত্র পরীক্ষার পর বৈধ বলে ঘোষণা করা হয়। পরীক্ষার পর ৩৮৯ মনোনয়ন বাতিল হয়ে যায়। দ্বিতীয় পর্বে ভোট নেওয়া হবে আগামী ১১ নভেম্বর।

বিহারের মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তর জানিয়েছে গয়া জেলার গয়া টাউন,রোহতাসের সাসারাম ও কৈমুর জেলার চৈনপুর - এই তিনটি কেন্দ্রে সবথেকে বেশি ২২ জন করে প্রার্থী রয়েছেন।

*********************

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আজ এর্নাকুলামে সেন্ট থেরেসা কলেজের প্রতিষ্ঠা দিবস উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে অংশগ্রহণ করবেন। গতকাল তিনি কোট্টায়াম থেকে কুমারাকম যাওয়ার সময় রাস্তার দু'ধারে হাজার হাজার মানুষ তাঁকে অভিনন্দন জানান। শ্রীমতি মুর্মু গতকাল পালায় সেন্ট টমাস কলেজের প্ল্যাটিনাম জয়ন্তী উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানের উদ্বোধন করে শিক্ষা ক্ষেত্রে কোট্টায়াম শহরের অবদানের কথা তুলে ধরেন। রাষ্ট্রপতি কেরালা সফর সেরে আজই দিল্লি ফিরে আসবেন।

*********************

ভারত-তিব্বত সীমান্ত পুলিশ বাহিনীর প্রতিষ্ঠা দিবসে উপরাষ্ট্রপতি সি পি রাধাকৃষ্ণাণ আইটিবিপির বীর জওয়ানদের প্রশংসা করেছেন। সোশ্যাল মিডিয়ার এক পোস্টে শ্রী রাধাকৃষ্ণাণ বলেন, হিমালয় সংলগ্ন অগ্রবর্তী ঘাঁটিতে দেশের প্রথম প্রতিরোধমূলক বাহিনী হিসাবে আইটিবিপির জওয়ানরা মোতায়েন থাকেন। আইটিবিপি গঠনের পর থেকেই ভারতের সীমান্ত ও নাগরিকদের রক্ষায় তারা অদম্য সাহস এবং দায়বদ্ধতার প্রমাণ দিয়েছেন। অক্লান্ত নজরদারি, মানবিক সেবা এবং তাদের আত্মত্যাগের মধ্য দিয়ে দেশের নিরাপত্তাকে আরও সুদৃঢ় করার পাশাপাশি অনুপ্রেরণা জুগিয়েছে তরুণ প্রজন্মকে।

স্বরাষ্ট্র মন্ত্রী দিনটি উপলক্ষে আইটিবিপি কর্মীদের শুভেচ্ছা জানান। হিমালয় সন্নিহিত দুর্গম স্থানে প্রতিকূল আবহাওয়ার মধ্যে দেশের নিরাপত্তায় কঠোর নজরদারি চালিয়ে

যাওয়ার জন্য শ্রী শাহ, এই হিমবীরদের সাহসকে কুর্নিশ জানান। যেসব আইটিবিপি জওয়নারা দেশের রক্ষায় আত্মত্যাগ করেছেন, তাদের স্মৃতির প্রতিও শ্রদ্ধা জানিয়েছেন স্বরাষ্ট্র মন্ত্রী।

*********************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ২৬ শে অক্টোবর রবিরার আকাশবাণীতে "মন-কি-বাত" অনুষ্ঠানে তাঁর চিন্তাভাবনা দেশ-বিদেশের মানুষের সঙ্গে ভাগ করে নেবেন। এটি হবে মন-কি-বাতের ১২৭-তম পর্ব।

বেলা ১১-টা থেকে আকাশবাণী এবং দূরদর্শনের সবকটি চ্যানেল এবং আকাশবাণীর নিউজ অন এ.আই.আর. ওয়েবসাইট, মোবাইল অ্যাপ, প্রধানমন্ত্রীর দফতর, তথ্য ও সম্প্রচারমন্ত্রকের ওয়েবসাইট ও ইউটিউব চ্যানেলেও "মন-কি-বাত" সম্প্রচারিত হবে।

হিন্দিতে এই অনুষ্ঠান সম্প্রচারিত হবার পরেই আঞ্চলিক ভাষায় এর তর্জমা শোনা যাবে।

নিঃশুল্ক নম্বর ১৮০০-১১-৭৮০০ নম্বরে ম্যাসেজ করে কিংবা মাই গভ বা নমো অ্যাপে মতামত জানানো যাবে।

*********************

বিদেশ মন্ত্রী ডক্টর এস জয়শঙ্কর বলেছেন, বহুপাক্ষিক ব্যবস্থার প্রতি ভারত দায়বদ্ধ, এবং এবিষয়ে রাষ্ট্রসংঘের প্রতি সমর্থন বজায় রাখা প্রয়োজন।

নতুন দিল্লিতে রাষ্ট্রসংঘের ৮০ বছর পূর্তি উপলক্ষ্যে এক স্মারক ডাক টিকিট প্রকাশ অনুষ্ঠানে বিদেশ মন্ত্রী, বিকাশ ও অগ্রগতির পাশাপাশি শান্তি এবং নিরাপত্তা ক্ষেত্রে ভারতের দায়বদ্ধতার কথা উল্লেখ করেন। রাষ্ট্রসংঘ এবং বহুপাক্ষিকতার সমর্থনে ভারত সর্বদা এক শক্তিশালী সমর্থক হিসেবে নিজেকে প্রতিষ্ঠা করে এসেছে এবং আগামী দিনেও তা' বজায় রাখবে বলে বিদেশ মন্ত্রী মত প্রকাশ করেন।

( বাইট- জয়শঙ্কর )

*********************

ইজরায়েল আইনসভা, নেসেতে পাশ হওয়া ওয়েস্টব্যাঙ্ক অধিগ্রহণ সংক্রান্ত বিল স্থগিত করে দেওয়া হয়েছে। সেদেশের সরকারি জোটের চেয়ারম্যান ওফির কাটজ বলেছেন, পরবর্তী বিজ্ঞপ্তি না দেওয়া পর্যন্ত ওয়েস্ট ব্যাঙ্ক ও জেরুসালেমের কাছে মালে আদুমিম অঞ্চলের অধিগ্রহণ প্রক্রিয়া বন্ধ থাকবে। মার্কিন উপরাষ্ট্রপতি জে ডি ভান্সের ইজরায়েল সফরকালে গত বুধবার সেদেশের আইনসভায় এই বিলটি পাশ হয়।

বেন গুরিওন আন্তর্জাতিক বিমানবন্দরে মার্কিন উপরাষ্ট্রপতি বলেন, এই বিলটির কোনও বাস্তবসম্মত ভিত্তি নেই। ইজরায়েলের প্রধানমন্ত্রীর দফতর জানিয়েছে, মার্কিন যুক্তরাষ্ট্র ও ইজরায়েলের বন্ধুত্বপূর্ণ সম্পর্ককে কালিমালিপ্ত করতে বিরোধীদের এই চক্রান্ত।

*********************

গাজায় শান্তিচুক্তি সম্পাদনে মার্কিন রাষ্ট্রপতি ডোনাল্ড ট্রাম্পের প্রচেষ্টাকে ভারত অভিনন্দন জানিয়েছে। রাষ্ট্রসংঘে ভারতের স্থায়ী প্রতিনিধি পি হরিশ বলেছেন, মার্কিন যুক্তরাষ্ট্রের এই যুগান্তকারী পদক্ষেপ, বিশ্বশান্তির প্রতি সেদেশের দায়বদ্ধতার প্রকাশ। রাষ্ট্রসংঘের নিরাপত্তা পরিষদে পশ্চিম এশিয়া নিয়ে এক বৈঠকে অংশগ্রহণ করে তিনি মধ্যস্থতাকারী মিশর ও কাতারের ভূমিকাও তুলে ধরেন।

উল্লেখ্য, মিশরের শার্ম আল শেখে, গাজা শান্তি শিখর সম্মেলনে, ভারত গত ১৩ ই অক্টোবর অংশগ্রহণ করে। সেখানে ভারতের হয়ে প্রতিনিধিত্ব করেন বিদেশ প্রতিমন্ত্রী কীর্তি বর্ধন সিং।

*********************

অন্ধ্রপ্রদেশের কুর্নুলে একটি বেসরকারি বাসে আগুন লাগলে কমপক্ষে ২০জনের মৃত্যু হয়েছে। আহত হয়েছেন অনেকে।

আজ ভোররাতে হায়দ্রাবাদ থেকে বেঙ্গালুরুগামী বাসে কুর্নুল জেলার চিন্না টেকুরুর উলিন্দাকোন্ডার কাছে আগুন লেগে যায়। দুই চালক-সহ বাসে ৪১ জন যাত্রী ছিলেন

বলে প্রশাসনের তরফে জানান হয়েছে। দুর্ঘটনার সময় বেশিরভাগ যাত্রীঘুমন্ত অবস্থায় ছিলেন। ১১ জন আহতকে নিয়ে যাওয়া হয়েছে স্থানীয় হাসপাতালে। মৃতদের মধ্যে ১১ জন শনাক্ত করা সম্ভব হয়েছে।

জানা গেছে, একটি বাইকের সঙ্গে ধাক্কা লাগলে, বাইকটি বাসের নীচে চলে যায়। বাইকের পেট্রোল ট্যাঙ্কে আগুন ধরলে তা দ্রুত বাসেও ছড়িয়ে যায়। কয়েকজন যাত্রী বাস থেকে বেরতে পারলেও বাকিদের পক্ষে তা সম্ভব হয়নি।

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু, উপরাষ্ট্রপতি C.P.রাধাকৃষ্ণান, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ঘটনায় শোকপ্রকাশ করেছেন। দুর্ঘটনায় নিহতদের পরিবারের সদস্যদের সমবেদনা জানিয়েছেন তাঁরা। আহতদের দ্রুত আরোগ্য কামনা করেছেন। মৃতদের পরিবারকে ২ লক্ষ টাকা এবং আহতদের ৫০ হাজার টাকা করে আর্থিক সাহায্যের ঘোষণা করেছেন প্রধানমন্ত্রী।

*********************

নানা সচেতনতা মূলক প্রচার কর্মসূচির মধ্য দিয়ে আজ বিশ্ব পোলিও নিবারণ দিবস পালিত হচ্ছে। দিনটি চিকিৎসা গবেষক জোনাস সাল্ক এর জন্মবার্ষিকী স্মরণে পালিত হয়ে থাকে।

উল্লেখ্য, প্রথম সফল পোলিও টিকা তৈরি করেছিলেন জোনাস সাল্ক। তাঁর জন্মবার্ষিকীতে রোটারি ইন্টারন্যাশনালের পক্ষ থেকে ১৯৮৫ সালে ২৪ শে অক্টোবর বিশ্ব পোলিও দিবস পালন শুরু করা হয়। পোলিও মুক্ত বিশ্ব গড়ে তোলার লক্ষ্যে মানুষকে সচেতন করা ও মানুষের সহযোগিতা কামনা করাই দিনটি উদযাপনের মূল লক্ষ্য।

*********************

বিশ্ব পোলিও দিবসে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী জে পি নাড্ডা আজ, পোলিও দূরীকরনে ভারতের উল্লেখযোগ্য যাত্রাপথে জাতীয় উদ্যোগ এবং জনগনের অংশগ্রহনের কথা উল্লেখ করেছেন। সামাজিক মাধ্যমের এক বার্তায় শ্রী নাড্ডা বলেন,

স্বাস্থ্যকর্মীদের নিষ্ঠার কারণেই দেশ থেকে পোলিও নির্মূল করা সম্ভব হয়েছে। এঁরাই বাড়ি বাড়ি গিয়ে নিশ্চিত করেছেন কোনো শিশু যাতে পোলিওর টীকা থেকে বঞ্চিত না হয়। প্রতিটি শিশুকে সময়মতো প্রতিষেধক দেওয়ার ব্যাপারে সচেতনতা গড়ে তোলার এবং স্বাস্থ্যকর পরিবেশ সুনিশ্চিত করার বিষয়ে সকলের প্রতি আহ্বান জানান তিনি।

*********************

জন পরিষেবা সচেতনতা বৃদ্ধির উদ্দেশ্যে "পিপলস প্ল্যান ক্যাম্পেন-সবকা যোজনা, সবকা বিকাশ" শীর্ষক দু মিনিটের একটি সিনেমা সারাদেশের সব হলে আগামী ৬'ই নভেম্বর পর্যন্ত দেখানো হবে। পঞ্চায়েতি রাজ মন্ত্রক এক বিজ্ঞপ্তিতে জানিয়েছে, সরকারি প্রকল্পে জনগণের অংশগ্রহণের প্রতি প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর দৃষ্টিভঙ্গির প্রতিফলন এই কর্মসূচী। ২০২৬-২৭ সালের জন্য পঞ্চায়েত উন্নয়ন পরিকল্পনায় দেশব্যাপী গ্রামীণ জনগণের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণ বাড়ানোই এর উদ্দেশ্য। এই শর্ট ফিল্মটি সিনেমা শুরুর আগে ও মাঝে বিরতির শেষ পাঁচ মিনিটে দেখানো হবে। এটি তথ্যভিত্তিক ও অন্তর্ভুক্তিমূলক পঞ্চায়েত গড়ে তোলার পথে এক উল্লেখযোগ্য পদক্ষেপ।

**********************************************************************